

নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অসুস্থ শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান, স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টি, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে গত দুই মাসে নানামুখী উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো :

১. শিক্ষার্থীদের প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের লক্ষ্যে দ্বিতীয়বারের মতো নোবিপ্রবিতে 'মেশিন ইন্টেলিজেন্স অ্যান্ড ইমার্জিং টেকনোলজিস' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্সে উদ্বোধন। উক্ত কনফারেন্সে দেশ বিদেশের খ্যাতনামা গবেষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং ২১৬ জন গবেষকের ৪৬টি গবেষণা প্রবন্ধ উপস্থাপিত হয়।
২. প্রথমবারের মতো নোবিপ্রবিতে মানসিক স্বাস্থ্য বিষয়ক 'হিলিং থ্রো এক্সপ্‌রেশন' শীর্ষক সেশনের সূচনা হয়েছে। শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য পুনরুদ্ধার ও স্বাস্থ্যসেবা নিশ্চিতের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার থেকে ধারাবাহিকভাবে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগ ও হলে এই সেশন অনুষ্ঠিত হবে, যা শিক্ষার্থীদের মানসিক চাপ ও ট্রমা কাটিয়ে উঠতে সহায়ক ভূমিকা রাখবে।
৩. নোবিপ্রবি সায়েন্স ক্লাবের আয়োজনে 'পিএইচডি টক' অনুষ্ঠিত হয়। আলোচ্য বিষয় ছিলো 'কো-ইনক্যাপসুলেশন অব বায়োঅ্যাকটিভ ইনগ্রিডিয়েন্টস ফর ফাংশনাল ফুড ডেভেলপমেন্ট'।
৪. বাংলা বিভাগে নজরুল বক্তৃতা-২০২৪ অনুষ্ঠান সম্পন্ন।
৫. শিক্ষকদের অংশগ্রহণে 'এক্সামিনেশন এন্ড এডুকেশন অর্ডিন্যান্স' বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা আয়োজিত।
৬. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, নোয়াখালী ইউনিটের আয়োজনে নোবিপ্রবিতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪ পালিত।
৭. নোবিপ্রবিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত স্নাতক প্রথম বর্ষের (সম্মান) শিক্ষার্থীদের নবীনবরণ সম্পন্ন।
৮. নোবিপ্রবিতে প্রথমবারের মতো পরীক্ষা কার্যক্রমে কোডিং পদ্ধতির ব্যবহার চালু। বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থীদের ১ম সেমিস্টার পরীক্ষায় পরীক্ষামূলকভাবে এ কার্যক্রম চালু করা হয়। পর্যায়ক্রমে অন্যান্য বিভাগেও এই পদ্ধতি ব্যবহারের উদ্যোগ গ্রহণ।
৯. নোবিপ্রবির সঙ্গে তুরস্কের ছয়টি বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর মধ্যে তুরস্কের আদিয়ামান বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইরাসমাস প্লাস এবং অন্য পাঁচটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে শিক্ষা ও গবেষণায় যৌথ সহযোগিতামূলক চুক্তি সই হয়েছে। এ চুক্তির আওতায় শিক্ষার্থীরা যৌথ গবেষণা ও এক্সচেঞ্জ প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ পাবে।
১০. সেইবার (Sabre) কর্পোরেশনের সাথে নোবিপ্রবির সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর ফলে শিক্ষার্থীরা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দক্ষতা অর্জন করতে পারবে এবং এয়ারলাইন্স ও সিভিল এভিয়েশনে ক্যারিয়ার গঠনের সুযোগ পাবে।
১১. নোবিপ্রবি ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স (ফিমস) বিভাগে অত্যাধুনিক ফিশ ল্যাব উদ্বোধন।
১২. নোবিপ্রবিতে মাছের পোনা অবমুক্তকরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি পালন। এছাড়া কৃষি বিভাগের আয়োজনে স্থানীয় কৃষকদের মাঝে ধান ও সবজির চারা বিতরণ।
১৩. নোবিপ্রবি ফিমস বিভাগ কাঁকড়া চাষীদের নিয়ে দিনব্যাপী মাঠ দিবস-২০২৪ পালন করেছে। কক্সবাজার জেলার চৌফলদভীতে প্রায় ৬০ জন চাষীর অংশগ্রহণে এটি পালিত হয়।
১৪. নোবিপ্রবি শিক্ষকদের অংশগ্রহণে 'একাডেমিক ওয়ার্কলোড ক্যালকুলেশন' বিষয়ক দিনব্যাপী কর্মশালার আয়োজন।
১৫. নোবিপ্রবি ফার্মেসী বিভাগের ১৭ তম ব্যাচের শিক্ষার্থী মো. ওমর ফারুককে ক্যানসারের চিকিৎসায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে দেড় লাখ টাকার আর্থিক সহায়তা প্রদান।
১৬. নোবিপ্রবি ফার্মেসি ও ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স (ফিমস) বিভাগে আনুষ্ঠানিকভাবে পিএইচডি কর্মসূচি চালু।
১৭. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর চেয়ারম্যানের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সৌজন্য সাক্ষাত। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৩ এর উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনার কপি ইউজিসি চেয়ারম্যানের নিকট হস্তান্তর করেন।
১৮. পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন নোবিপ্রবি উপাচার্য। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৩ এর উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনাসহ সংশ্লিষ্ট প্রতিবেদন পরিকল্পনা ও শিক্ষা উপদেষ্টার হাতে তুলে দেন।

১৯. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের পানিতে প্রকট লবণাক্ততার কারণে শিক্ষার্থীদের স্বাস্থ্যে এর ক্ষতিকর প্রভাবের কথা উপদেষ্টার নিকট তুলে ধরেন। পাশাপাশি নোবিপ্রবিতে পরিযায়ী পাখির অভয়ারণ্য গড়ে তুলতে সরকারের সহযোগিতা চান।
২০. বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত শিক্ষার্থীদের মাঝে আর্থিক সহায়তা ও অনুদান প্রদান করা হয়েছে। অনুদান প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন নোবিপ্রবি আইন বিভাগের জাফর আহমেদ সজীব ও অর্থনীতি বিভাগের কাওছার আহমেদ। তাদের প্রত্যেককে এক লাখ টাকা করে মোট দুই লাখ টাকার চেক প্রদান করা হয়।
২১. সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাগুলোয় দুর্দশাগ্রস্ত মানুষকে মানবিক সহায়তা প্রদানের জন্য নোবিপ্রবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বেচ্ছায় দেওয়া একদিনের বেতনের সমপরিমাণ অর্থ মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে জমা দেওয়া হয়েছে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪